

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৮৫/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০৯ জানুয়ারি, মঙ্গলবার ২০২৪, ২৫ পৌষ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। নির্বাচনে ৪১.৮ শতাংশ ভোট- সিইসি
- ০২। দেশের ইতিহাসে প্রথম দল হিসেবে টানা চতুর্থ জয় আওয়ামী লীগের
- ০৩। নির্বাচনে ক্ষমতাসীন দলের জয়ে ইতিবাচক প্রচারণা
- ০৪। ময়মনসিংহ বিভাগে ১৪ নৌকা, ৯ স্বতন্ত্র প্রার্থী বিজয়ী

০১। নির্বাচনে ৪১.৮ শতাংশ ভোট- সিইসি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৪১ দশমিক ৮ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল। এ ফলাফলে কারো সন্দেহ থাকলে চ্যালেঞ্জের আহ্বান জানিয়েছেন তিনি। সোমবার (০৮ জানুয়ারি) দুপুরে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে এ আহ্বান জানান সিইসি। সিইসি বলেন, 'রেজাল্টগুলো আসছে। যদি মনে করেন বাড়িয়ে দেওয়া হয়েছে, তাহলে ইউ আর মোস্ট ওয়েলকাম। ওটাকে চ্যালেঞ্জ করে আমাদের অসততা আপনারা পরীক্ষা করে দেখতে পারেন। এখন ফাইনাল যে পার্সেন্টেজটা তা হচ্ছে, ৪১ দশমিক ৮ শতাংশ'। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। দেশের ইতিহাসে প্রথম দল হিসেবে টানা চতুর্থ জয় আওয়ামী লীগের

নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা চতুর্থবারের মতো সরকার গঠন করতে যাচ্ছে আওয়ামী লীগ। এ নিয়ে শেখ হাসিনার নেতৃত্বে পঞ্চম বারের মতো সরকার গঠন করতে যাচ্ছে দলটি। এদিকে, সোমবার (০৮ জানুয়ারি) দুপুরে তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, টানা চতুর্থবার ও মোট পঞ্চম বারের মতো প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন শেখ হাসিনা। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৩। নির্বাচনে ক্ষমতাসীন দলের জয়ে ইতিবাচক প্রচারণা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগের বিজয়ে ময়মনসিংহের স্থানীয় পত্রিকাসমূহে ইতিবাচক সংবাদ প্রচারিত হয়েছে। আন্তর্জাতিক গণমাধ্যমে এ জয়ের সংবাদ গুরুত্বসহকারে প্রচারিত হয়েছে বলে উল্লেখ করা হয়। ময়মনসিংহের বিভিন্ন আসনে বিজয়ী প্রার্থীদের উল্লেখ করে সংবাদ প্রকাশিত হয়। প্রধান নির্বাচন কমিশনারের উদ্ধৃতি দিয়ে সংবাদে জানানো হয়েছে নির্বাচনে ভোট পড়েছে ৪১.৮ শতাংশ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০৪। ময়মনসিংহ বিভাগে ১৪ নৌকা, ৯ স্বতন্ত্র প্রার্থী বিজয়ী

ময়মনসিংহ বিভাগের চার জেলা- ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর ও জামালপুরের সবকটি আসনে বিজয়ী প্রার্থীদের মধ্যে আওয়ামী লীগের নৌকা প্রতীকের ১৪ জন ও স্বতন্ত্র ০৯ জন প্রার্থী বিজয়ী হয়েছেন। এরমধ্যে ময়মনসিংহ জেলার ১১টি সংসদীয় আসনের মধ্যে স্থগিত ০১টি বাদ দিয়ে বাকি ১০টি আসনের ০৬টিতে স্বতন্ত্র ও ০৪টিতে আওয়ামী লীগের প্রার্থী জয়ী হয়েছেন। নেত্রকোনার ০৫টি আসনের ০৪টিতে আওয়ামী লীগ ও ০১টিতে স্বতন্ত্র; শেরপুরের ০৩টি আসনের ০২টিতে আওয়ামী লীগ ও ০১টিতে স্বতন্ত্র; জামালপুরের ০৫টি সংসদীয় আসনের ০৪টিতে আওয়ামীলীগ ও ০১টিতে স্বতন্ত্র প্রার্থী বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** দেশ এখন ডিজিটাল হলেও ক্রসিংগুলো ডিজিটাল হচ্ছে না। সারাদেশে হাজার হাজার অবৈধ ও বৈধ লেভেল ক্রসিংয়ে ঝরছে তাজা প্রাণ। পঞ্জুত্ববরণ করছেন অনেকে। দিন দিন নিরাপদ বাহনের তকমা হারাচ্ছে রেল। বর্তমানে বাংলাদেশ রেলওয়ের বৈধ, অবৈধ মিলে অন্তত ৮০ শতাংশ লেভেল ক্রসিং অরক্ষিত। রেলের বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের পাশাপাশি লেভেল ক্রসিং-এর ঝুঁকি নিরসন এবং যাত্রী সেবার মান উন্নয়নেও পদক্ষেপ নিতে হবে। রেলে বিদ্যমান দুর্নীতি ও অব্যবস্থাপনা দূর করার পদক্ষেপ নেয়া না হলে মানুষের প্রত্যাশা পূরণ হবে না।
- (খ) **আজকের বাংলাদেশ:** সারাদেশে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্যসহ নানা রকম অনিয়মের খবর পাওয়া যায়। শিক্ষাপ্রতিষ্ঠানে কিছু শিক্ষক মিলে তৈরি করে সিন্ডিকেট। এস সিন্ডিকেট নিয়ম বহির্ভূতভাবে শিক্ষার্থী ভর্তি করে এবং শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করে থাকে। কোনো কোনো শিক্ষক যেভাবে ভর্তি বাণিজ্যে মেতে ওঠেন তা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। ভর্তিবাণিজ্য রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পাশাপাশি যারা দায়ী বলে চিহ্নিত হচ্ছেন, তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। বঙ্গবন্ধু কন্যাকে অভিনন্দন- মোমিন মেহেদী (দৈনিক স্বজন)
- ০২। মানুষের দুনিয়ায় মানুষের মতো অমানুষ আর নাই- রাজু আহমেদ (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।